

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৬৯

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ২৪. জান্নাত ও জাহান্নামের - সৃষ্টি সম্পর্কে।

باب فِي خَلْقِ الْجَنَّةِ وَالنَّارِ

আরবী

বাংলা

৪৬৬৯. মূসা ইবন ইসমাঈল (রহঃ) আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মহান আল্লাহ্ যখন জাল্লাত সৃষ্টি করেন, তখন জিবরীল (আঃ)-কে বলেনঃ যাও জাল্লাত দেখে এসো। তিনি জাল্লাত দেখে এসে বলেনঃ হে আমার রব! যে কেউ এ জাল্লাতের কথা শোনবে, সে এতে প্রবেশের আকাংক্ষা করবে। এরপর আল্লাহ্ জাল্লাতকে কিছু কঠিন ও মুশকিল আমল দিয়ে আচ্ছাদিত করেন এবং বলেনঃ হে জিবরীল! এখন গিয়ে তা দেখে এসো। জিবরীল (আঃ) তা দেখে এসে বলবেঃ হে আমার রব! তোমার 'ইজ্জতের কসম'! আমার ভয় হচ্ছে, এখন হয়তো আর কেউ সেখানে প্রবেশ করতে সক্ষম হবে না।

এরপর আল্লাহ্ জাহান্নাম সৃষ্টি করার পর জিবরাঈল (আঃ)-কে বলেনঃ হে জিবরীল! সেখানে যাও এবং দেখে এসো। জিবরীল (আঃ) তা দেখে এসে বলেনঃ হে আমার রব! আপনার 'ইজ্জতের কসম'! যারা এর অবস্থা শোনবে, তারা কেউ-ই সেখানে যেতে চাবে না। এরপর আল্লাহ্ শাহ্য়াত (কুরিপু) দিয়ে তাকে ঢেকে দেন এবং



বলেনঃ হে জিবরীল! এখন সেখানে যাও এবং দেখে এসো। জিবরীল (আঃ) তা দেখে এসে বলেনঃ হে আমার রব! আপনার ইজ্জতের কসম! এখন আমার ভয় হচ্ছে যে. হয়তো সব লোক এতে প্রবেশ করবে।

English

Narrated AbuHurayrah:

The Messenger of Allah (ﷺ) said: When Allah created Paradise, He said to Gabriel: Go and look at it. He went and looked at it, then came and said: O my Lord! By Thy might, no one who hears of it will fail to enter it.

He then surrounded it with disagreeable things, and said: Go and look at it, Gabriel. He went and looked at it, then came and said: O my Lord! By Thy might, I am afraid that no one will enter it.

When Allah created Hell, He said: Go and look at it, Gabriel. He went and looked at it, then came and said: O my Lord! By Thy might, no one who hears of it will enter it.

He then surrounded it with desirable things and said: Go and look at it, Gabriel. He went, looked at it, then came and said: O my Lord! By Thy might and power, I am afraid that no one will remain who does not enter it.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন